

আমাদের শক্তি শান্তির বলে বলীয়ান... আমাদের মুক্তি দেশে দেশে মিলনের গান



## সারা ভারত শান্তি ও সংহতি সংস্থা

(AIPSO)

পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি

রাজ্য দপ্তর: নিরঞ্জন মুখার্জি ভবন, ৫ শরৎ ঘোষ স্ট্রিট, কলকাতা ৭০০০১৪

[www.aipsowb.org](http://www.aipsowb.org)

তারিখ: ২৫ নভেম্বর ২০১৬

### প্রেস রিলিজ

#### কমরেড ফিদেল কাস্ত্রো (১৯২৬-২০১৬) অমর রহে

কিউবার বিপ্লবের মহান নেতা কমরেড ফিদেল কাস্ত্রোর জীবনবসানে সারা ভারত শান্তি ও সংহতি সংস্থার পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি শোকস্তব্ধ। আমরা তাঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা প্রকাশ করছি। ১৯৫৯ সালের কিউবার সফল বিপ্লবের অবিসংবাদী নেতা ফিদেল, পরবর্তী প্রায় সাড়ে পাঁচ দশকেরও বেশি সময় শৃঙ্খল মুক্তির সংগ্রামের আবিষ্কৃত অনুপ্রেরণা। ১৯৫৬ সালে স্বৈরশাসক বাতিস্তার কারাগারে বন্দী ফিদেল বুকভরা আত্মবিশ্বাস নিয়ে বক্তৃনির্ঘোষে বলেছিলেন, 'ইতিহাস আমাকে মুক্ত করবে'। কারাগার তাঁকে বন্দী রাখতে পারেনি। মুক্ত ফিদেল গড়েছিলেন নতুন ইতিহাস। কিউবার মানুষকে সঙ্গে নিয়ে। মার্কিন সাম্রাজ্যবাদের শত ষড়যন্ত্র বিফলে গেছে। ১৯৮০ দশকের শেষদিকে সমাজতন্ত্রের বিপর্যয়ের পশ্চাদপটে ফিদেলের অমোঘ ঘোষণা -- 'হয় সমাজতন্ত্র, নয় মৃত্যু' -- অনুরণন তুলেছে বিশ্বের সব প্রান্তে – যেখানে সাহসী জনতা রুখে দাঁড়িয়েছে সাম্রাজ্যবাদী আশ্ফালনের চোখে চোখ রেখে।

প্রায় এক দশক শারীরিকভাবে অসুস্থ ফিদেল সরকারী প্রশাসনের দায়িত্ব থেকে অব্যহতি নিয়েছিলেন। গত ১৩ ই আগস্ট (২০১৬) পা দিয়েছিলেন ৯১ বছরে। কিন্তু বয়স বা অসুস্থতা তাঁকে দমিয়ে রাখতে পারেনি। প্রায় নিয়মিত লেখালেখি করতেন। আঞ্চলিক বা আন্তর্জাতিক রাজনীতির প্রতিটি খুঁটিনাটি বিষয়ে তাঁর তারুণ্যদীপ্ত অনুসন্ধিৎসা ছিল বিস্ময়কর। ফিদেল মানে হার না লড়াইয়ের দৃঢ়তা। ফিদেল মানে মাথা উঁচু করে বাঁচা। আজকের নয়া উদারবাদী সাম্রাজ্যবাদের সর্বাঙ্গিক আগ্রাসনের মুখোমুখি মানুষের মুক্তির লড়াইয়েও তিনি সংগ্রামী মানুষের কাছে অনির্বাণ দিশা।

সারা ভারত শান্তি ও সংহতি সংস্থার পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি আগামী ২৯ নভেম্বর 'আন্তর্জাতিক প্যালেস্টাইন সংহতি দিবস' পালন করবে কমরেড ফিদেলের অমর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে।

কমরেড ফিদেল কাস্ত্রো অমর রহে।

সৌমেন্দ্রনাথ বেরা (অঞ্জন)  
সাধারণ সম্পাদক (কোঅর্ডিনেটর)

বিনায়ক ভট্টাচার্য  
সাধারণ সম্পাদক